

পরিচালকের দপ্তর কম্পিউটার উইং, বিবিএস।	
সিনিয়র পরিচালক	• জরুরী উপস্থাপন করুন
উপপরিচালক (প্রশাসনিক)	•তারিখের
সিনিয়র এনালিস্ট (ওয়েব পোর্টাল)	• মধো উপস্থাপন করুন
সিনিয়র এনালিস্ট (সিইওকেড)	• <input checked="" type="checkbox"/> পরয়োজনীয় ব্যবস্থা নিন
সিনিয়র প্রোগ্রামার (মাইক্রোসফট)	• আলোচনা করুন
সিনিয়র মেইনফ্রেম ইঞ্জিনিয়ার (মেইনটেন্যান্স)	• নথিভুক্ত করুন।
প্রোগ্রামার (ডাটা প্রসেসিং)	
প্রকল্প পরিচালক (.....)	
ডায়েরী নম্বরঃ ২৫৬	
তারিখঃ ১৯/২/১৯	
সমন্বয়ঃ	পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

(Handwritten Signature)
২৬/০২/২০১৯
(Handwritten Signature)

০২ ফাল্গুন, ১৪২৫

তারিখ:-----

১৪ ফেব্রুয়ারি, ২০১৯

অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র আওতাধীন কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্পের ১১ ডিসেম্বর, ২০১৮ তারিখের নং-৫২.০১.০০০০.৩৬০.৯৯.০৫৫.১৮-৬১২ সংখ্যক স্মারকের ইউও নোট হতে জানা যায় যে, জনাব মো: মনতাজ উদ্দীন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, এসএসটিআই, বিবিএস-কে ২২ নভেম্বর, ২০১৮ তারিখের নং-৫২.০১.০০০০.৩৬০.৯৯.০৫৫.১৮-৫৫৮ সংখ্যক স্মারকে কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলার বড়শালঘর, ইউসুফপুর, রসুলপুর, সুবিল, ফতেহাবাদ, জাফরগঞ্জ, এলাহাবাদ ইউনিয়নে জোনাল অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হয়। জনাব মো: মনতাজ উদ্দীন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, এসএসটিআই, বিবিএস জোনাল অফিসার হিসেবে নির্ধারিত সময়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। পরবর্তীতে জোনাল অপারেশন কার্যক্রমে গত ০১ ডিসেম্বর হতে অনুপস্থিত রয়েছেন এবং অনুপস্থিত জেনে তার পরিবারের সাথে ফোনলাপের মাধ্যমে জানা যায়, তিনি মোহাম্মদপুর থানায় আটক রয়েছেন। এ বিষয়ে কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প অফিস হতে মোহাম্মদপুর থানায় যোগাযোগ করা হলে তার বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। এরূপ অনুপস্থিতির বিষয়ে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক কারণ দর্শানোর জন্য তাকে ৩১ ডিসেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের নং-৫২.০১.০০০০.১০১.১৪.০৩২.১৮-১৫৬০ সংখ্যক স্মারকে নোটিশ প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি তিনি এর কোন জবাব দাখিল করেননি এবং কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, যা সরকারি চাকুরির নিয়ম ও অফিস শৃঙ্খলার পরিপন্থী।

০২। জনাব মো: মনতাজ উদ্দীন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, এসএসটিআই, বিবিএস এর স্ত্রী বেগম মোছা: সুরাইয়া আক্তার সুমী কর্তৃক দাখিলকৃত ২৪ ডিসেম্বর, ২০১৮ খ্রি. তারিখের আবেদনপত্র হতে জানা যায় যে, জনাব মো: মনতাজ উদ্দীন পুলিশ কর্তৃক গ্রেফতার হন এবং তাকে কেরানীগঞ্জ জেল হাজতে রাখা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, জনাব মো: মনতাজ উদ্দীন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, এসএসটিআই, বিবিএস পুলিশ কর্তৃক গ্রেফতার, জেল হাজতে প্রেরণ এবং কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ), ৩(গ) ও ১২ বিধি মোতাবেক বিগত ০১ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ হতে কার্যকারিতায় সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspended) করা হলো।

০৪। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

(Handwritten Signature)
১৪/০২/২০১৯

ড. কৃষ্ণা গায়ের

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন নং-৫৫০০৭০৫৬

Email: dg@bbs.gov.bd

(Handwritten Initial)

বিতরণ:

- (০১) পরিচালক, এসএসটিআই, বিবিএস, ঢাকা
- (০২) প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- (০৩) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (০৪) উপপরিচালক, প্রশাসন/বিনিক শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা
- (০৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- (০৬) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- (০৭) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৮) ব্যক্তিগত সহকারী, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৯) কে। জনাব মো: মনতাজ উদ্দীন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এসএসটিআই বিবিএস ঢাকা